গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট
www.somc.college.gov.bd
www.somc.edu.bd

স্মারক নং-৫৯.১৪.০০০০.১২৯.২৮.১০৫.২৪-৩৫৬৯ তারিখঃ- ০৩/০৮/২০২৬ খ্রি.

## জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ-এ কর্মরত সকল কর্মকর্তা এবং কর্মচারীদের (বিশেষ ভারপ্রাপ্ত ও সংযুক্তিতে কর্মরত ব্যক্তিবর্গসহ) অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের** স্মারক নং- ৫৯.১৪.০০০০.০০০.১০২.৯৯.০০০১.২৪.৩৪৫, তারিখ ঃ ২৮/০৭/২০২৬ইং এর নির্দেশনার আলোকে অত্র প্রতিষ্ঠানে প্রশাসনিক স্বচ্ছতা ও নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নবর্ণিত কার্যক্রমসমূহ আগামী ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে আবশ্যিকভাবে সম্পন্ন করার নির্দেশ প্রদান করা হলো:

**১. শতভাগ অনলাইন বায়োমেট্রিক ও ফেস রিকগনিশন উপস্থিতি:** কলেজের সকল কর্মকর্তা-কর্মচারীকে কলেজে স্থাপিত ৩টি চলমান বায়োমেট্রিক মেশিনের মাধ্যমে শতভাগ অনলাইন উপস্থিতি নিশ্চিত করবেন। **স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের** পূর্বে জারিকৃত নির্দেশনা অনুযায়ী ফেইস রিকগনিশন (Face Recognition) প্রযুক্তির মাধ্যমে এই উপস্থিতি কেন্দ্রীয় ডাটাবেজের (Central Server) সাথে সমন্বিত করবেন বিধায় যাহারা এখনো ফিঙ্গার প্রিন্ট এর মাধ্যমে হাজিরা দিচ্ছে তাহারা ফেইস রিকগনিশন এর মাধ্যমে হাজিরা নিশ্চিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

**২. আইবাস (iBAS++) ও বায়োমেট্রিক তথ্যের সমন্বয়:** iBAS++ এর মাধ্যমে বেতন-ভাতা উত্তোলনকারী সকল কর্মকর্তা-কর্মচারীর ডাটা বায়োমেট্রিক অ্যাটেনডেন্স সিস্টেমের সাথে শতভাগ সামঞ্জস্যপূর্ণ হতে হবে। **স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের** নির্দেশনা অনুযায়ী কোনো কর্মকর্তা-কর্মচারী এই ব্যবস্থার বাইরে থাকতে পারবেন না।

**৩. HRIS প্রোফাইল হালনাগাদকরণ:** প্রত্যেকের ব্যক্তিগত Human Resource Information System (HRIS) প্রোফাইলের তথ্য জরুরি ভিত্তিতে আপডেট করা এবং বদলি, অবসর (পিআরএল), নতুন যোগদান বা অন্য কোনো প্রশাসনিক পরিবর্তনের তথ্য অবিলম্বে ডাটাবেজে অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

**৪. সিসিটিভি নজরদারি ও রক্ষণাবেক্ষণ:** **স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের** নির্দেশনা অনুযায়ী বায়োমেট্রিক উপস্থিতি নিশ্চিতকরণের সময় স্বচ্ছতা বজায় রাখতে মেশিনসমূহ সর্বদা সচল রাখা হবে এবং দৃশ্যমান স্থানে সিসিটিভি ক্যামেরার আওতাভুক্ত থাকবে।

নির্ধারিত সময়ের মধ্যে উক্ত ডিজিটাল উপস্থিতি প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত হতে ব্যর্থ হলে বা কোনো প্রকার অবহেলা পরিলক্ষিত হলে উদ্ভূত যেকোনো প্রশাসনিক জটিলতার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

উক্ত আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(অধ্যাপক ডা. মোস্তফা তৌফিক আহমেদ)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট

স্মারক নং-৫৯.১৪.০০০০.১২৯.২৮.১০৫.২৪- ৩৫৬৯/৭ তারিখঃ- ০৩/০৮/২০২৬ খ্রি.

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা, দৃষ্টি আকর্ষণ: পরিচালক, (প্রশাসন)।
২. উপাধ্যক্ষ, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট।
৩. বিভাগীয় প্রধান (সকল), সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ, (আপনার অধিনস্থ সকল কর্মকর্তা-কর্মচারীদেরকে অবগতি ও বিহিত ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)।
৪. সচিব/স্টেনোগ্রাফার, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ।
৫. প্রধান সহকারী / হিসাবরক্ষক/স্টেনোটাইপিষ্ট, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ।
৬. নোটিশ বোর্ড / কলেজ ওয়েবসাইট, সিওমেক।
৭. অফিস নথি।

(অধ্যাপক ডা. মোস্তফা তৌফিক আহমেদ)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট
ফোন: +৮৮০২৯৯৬৬৩১২৬৮
ইমেইল: osmanimedical@gmail.com